ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৯৮৪
আগরতলা, ০২ ডিসেম্বর, ২০২৩

**প্রকাশিত সংবাদ ঃ রাজ্য সরকারের স্পষ্টীকরণ**

আজ ২ডিসেম্বর, ২০২৩ ত্রিপুরা দর্পণ পত্রিকার প্রথম পাতায় 'দুই শীর্ষ আমলার জন্য পুরানো পেনশন চালু' শিরোনামে প্রকাশিত সংবাদটির প্রতি রাজ্য সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদটি সঠিক নয় ও বিভ্রান্তিকর। প্রকাশিত সংবাদ সম্পর্কে রাজ্য সরকারের সাধারণ প্রশাসন দপ্তর থেকে স্পষ্টিকরণে বলা হয়েছে, ভারত সরকারের ২০০৩ সালের ২২ ডিসেম্বর চালু হওয়া নতুন পেনশন প্রকল্প ২০০৪ সালের ১ জানুয়ারি ও তারপর থেকে কেন্দ্রীয় সরকারের (সশস্ত্র বাহিনী ছাড়া) বিভিন্ন পদে নিয়োগপ্রাপ্তদের জন্য কার্যকর করা হয়েছে।

এরপর ভারত সরকারের Ministry of Personnel, Public Grievances and Pension এর অধীন Department of Pension and Pensioner Welfare এর কাছে বিভিন্ন সংস্থা ও প্রতিনিধিদের পক্ষ থেকে প্রদত্ত স্মারকলিপিতে ২০০৩ সালের ২২ ডিসেম্বরের আগে বিভিন্ন বিজ্ঞাপনের ভিত্তিতে যারা নিযুক্ত হয়েছেন তাদেরকে পুরাতন পেনশন প্রকল্পের আওতায় আনার দাবি জানানো হয়।

এই বিষয়ের উপর বিভিন্ন আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে ভারত সরকারের Ministry of Personnel, Public Grievances and Pension এর অধীনস্ত Department of Pension and Pensioner Welfare, ২০২৩ সালে ৩ মার্চ এক বিজ্ঞপ্তিতে কেন্দ্রীয় সরকারের কর্মচারীরা যারা ২২ ডিসেম্বর, ২০০৩ ইং সালে জারিকৃত নতুন পেনশন স্কীমের পূর্বে প্রকাশিত শূন্যপদের জন্য আবেদন করেছিলেন এবং ২০০৪ সালের ১ জানুয়ারির পর নিযুক্তি পেয়েছেন তাদেরকে এককালীন সুবিধা হিসেবে পুরোনো পেনশনের আওতায় আনার উল্লেখ করা হয়েছে।

এই বিজ্ঞপ্তিমূলে ভারত সরকারের Ministry of Personnel, Public Grievances and Pension এর অধীন Department of Pension and Pensioner Welfare সমস্ত রাজ্য সরকারকে ২০২৩ সালের ১৩ জুলাই পুনরায় এক চিঠিতে জানানো হয় যে, ২০০৩ সালের ২২ ডিসেম্বরের আগে পূর্বতন বিজ্ঞাপনের ভিত্তিতে ২০০৪ সালের ১ জানুয়ারি বা তারপর যে সমস্ত সর্বভারতীয় সার্ভিসের অফিসাররা নিযুক্ত হয়েছেন তাদেরকে এককালীন সুযোগ হিসেবে পূর্বতন পেনশনের আওতায় আনার অনুমোদন দেওয়া যেতে পারে।

সেই অনুসারে ২০০৩ এবং ২০০৪ সালে সর্বভারতীয় সিভিল সার্ভিস পরীক্ষা এবং ২০০৩ সালে ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস পরীক্ষায় সফল নিয়োগপ্রাপ্তদের তাদেরকে আবেদনের ভিত্তিতে তাদেরকে পূর্বতন পেনশন স্কীমের আওতায় আনা হয়েছে।

ভারত সরকারের নির্দেশের ভিত্তিতে এবং রাজ্যের প্রিন্সিপাল অ্যাকাউনটেন্ট জেনারেলের সাথে পরামর্শক্রমে রাজ্যের ২ জন সর্বভারতীয় ক্যাডারস্তরের অফিসারকে রাজ্য সরকার পূর্বতন পেনশন প্রকল্পের আওতায় আনার অনুমোদন দিয়েছে। উল্লেখ্য, সর্বভারতীয় ক্যাডার সার্ভিসের অফিসারদের পেনশন কেন্দ্রীয় সরকার পক্ষ থেকেই দেওয়া হয়। প্রকাশিত এই সংবাদটিতে প্রদত্ত তথ্য সঠিক নয়, সম্পূর্ণ ভিত্তিহীন ও বিভ্রান্তিকর।

******